# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০২৬.২০২৩-৮০৮ তারিখ : ২০/০৩/২০২৫ খ্রিঃ।

## আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের কোর্স রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল বিভাগের শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী বর্ণিত ফিসমূহ Nagad/SureCash-এ জমাদানপূর্বক অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

| বিভাগ | বর্ষ ও সেমিস্টার | শিক্ষাবর্ষ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| সিই, ইইই, এমই, সিএসই, টিই, স্থাপত্য, আইপিই, সিএইচই, এমএমই ও এফই বিভাগ | ১/২, ২/২, ৩/২ ও ৪/২ | ২০২৩-২০২৪ |
| স্থাপত্য বিভাগ | ৫/২ | |

(০২) বিভিন্ন খাতের ফিসমূহের বিবরণ এবং জমাদানের তারিখ :-

| ক্রমিক নং | ফিসমূহের খাত | ফির পরিমাণ | | | ফিজমাদানের সময়সীমা |
|---|---|---|---|---|---|
| | | বিভিন্ন খাতের ফি | কোর্স ফি | প্রজেক্ট/থিসিস ফি | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | টিউশন ফি | ১০০.০০ | ৪০.০০ (প্রতি কোর্সের ফি) | ৫০.০০ | ১৬/০৪/২০২৫ খ্রিঃ হইতে ২৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত |
| ২। | পরীক্ষার ফি | ২৫০.০০ | | | |
| ৩। | খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম ফি | ২৫০.০০ | | | |
| ৪। | ম্যাগাজিন ফি | ৩০.০০ | | | |
| ৫। | ছাত্র কল্যাণ ফি | ২৫০.০০ | | | |
| ৬। | ধর্মীয় ফি | ৫০.০০ | | | |
| ৭। | মেডিকেল ফি | ২০০.০০ | | | |
| ৮। | গ্রেডশীট ফি | ২০০.০০ | | | |
| | সর্বমোট = | ১৩৩০.০০ | | | |

| বিলম্ব রেজিস্ট্রেশন | ৫০০/-(পাঁচশত) টাকা জরিমানাসহ | ৩০/০৪/২০২৫ খ্রিঃ হইতে ০৭/০৫/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত |
|---|---|---|

(০৩) **হল-এর ফিUpload:** আগামী ২৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইন (UGR) প্লাটফর্মে হল এর নির্ধারিত ফিসমূহ Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট হল এর প্রভোস্ট মহোদয়কে অনুরোধ করা হইল।

(০৪) **হল-এর ফিপরিশোধ:** শিক্ষার্থীদেরকে নিয়মমত হল-এর ফিসমূহ সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কোর্স রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধ করিতে হইবে।

(০৫) **কোর্স অফার: আগামী ২৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে** অনলাইন (UGR) প্লাটফর্মে অফারকৃত কোর্সের তালিকা Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান মহোদয়কে অনুরোধ করা হইল। সেই সঙ্গে অফারকৃত কোর্সের তালিকার হার্ডকপি স্ব-স্ব বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলসহ একাডেমিক শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

(০৬) **অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই যথাযথভাবে অনুসরণ করিতে হইবে:-**

(ক) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফিও কোর্স রেজিস্ট্রেশন ফিপরিশোধের বিষয়টি নিশ্চিতপূর্বক স্ব-স্ব বিভাগের স্টুডেন্ট এ্যাডভাইজর অনলাইনের মাধ্যমে কোর্স অনুমোদন প্রদান করিবেন। তবে কোর্স অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা কোর্স কোড পরিবর্তন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং রেজিস্ট্রার অফিসের মাধ্যমে অনুমোদনক্রমে পরিবর্তন/সংশোধন করা যাইবে;

(খ) সেশনাল কোর্স (Sessional Course) রিভিউ কোর্স হিসেবে গ্রহণ করা যাইবে না, তবে Theory Course হইতে সর্বোচ্চ ০১ (এক) টি কোর্স রিভিউ কোর্স হিসেবে গ্রহণ করা যাইবে; এবং

(গ) **বিশ্ববিদ্যালয়ের রুলস এন্ড রেগুলেশন ফর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম এর 13.1(i) ধারা অনুযায়ী আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যাহারা কোন সেমিস্টারে বিরতি/অনুপস্থিত থাকিবে, তাহাদেরকেও বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফিসমূহ (কোর্স ফিব্যতীত) পরিশোধপূর্বক সংশ্লিষ্ট সেমিস্টারে বাধ্যতামূলকভাবে Non-Credit রেজিস্ট্রেশন করিতে হইবে** (সূত্র : স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/বিজ্ঞপ্তি/১২৯/২০১৪/৭০৬; তারিখ : ২৮/০৩/২০১৯ খ্রিঃ; স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/সেমি:/প্রত্যাহার/১৬৩/২০১৭/২৯১৮; তারিখ: ০৬/১১/২০১৯খ্রিঃ এবং স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/কো:রে:/২৬/০৩/ ৮১৫; তারিখ : ১৬/০৩/২০২০ খ্রিঃ)।

(০৭) সকল শিক্ষার্থীদের কমপক্ষে ৭০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। ক্লাসে কমপক্ষে ৭০% উপস্থিত না থাকিলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকিবে না (সূত্র: ঢাপ্রপ্রবি/শি:শা:/বিজ্ঞপ্তি/১২৯/২০১৪/৭৬১; তারিখ: ০২/০৪/২০১৯ খ্রিঃ)।

(০৮) ন্যূনতম যোগ্যতা অর্জনকারী সকল শিক্ষার্থীকে নির্ধারিত তারিখের মধ্যেই কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে।

(০৯) আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের চলতি সেমিস্টারের অনুমোদিত কোর্স রেজিস্ট্রেশন ফরমের কপি অনলাইন রেজিস্ট্রেশন প্লাটফরম (www.ugr.duetbd.org) থেকে সংগ্রহ করিতে হইবে। উক্ত অনুমোদিত রেজিস্ট্রেশন ফরমটি পরীক্ষার সময় প্রবেশপত্র হিসেবে সঙ্গে রাখিতে হইবে।

(১০) অনলাইন রেজিস্ট্রেশন স্ব-স্ব বিভাগের এ্যাডভাইজর ও বিভাগীয় প্রধান কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রদান এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরকৃত কোর্স ভিত্তিক রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা আগামী ১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে একাডেমিক শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

20.03.25

(অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)



E:\Anwar H. Khan\B.Sc Engg. Program\Course Registratiom\Course Registration-on line.doc

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০২৬.২০২৩- ৮০৮ তারিখ : ২০/০৩/২০২৫ খ্রিঃ।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৫। কম্পট্রোলার।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক।
৭। চেয়ারম্যান, আইসিটি সেল।
৮। সকল স্টুডেন্ট এ্যাডভাইজর, আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম।
৯। এডিশনাল কম্পট্রোলার (চলতি দায়িত্ব), অডিট সেল।
১০। সকল নোটিশ বোর্ড।
১১। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

২০/০৩/২০২৫
(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা) এবং
অতিরিক্ত দায়িত্ব, একাডেমিক শাখা।